





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd



স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩- ৫০৫

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩" এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) আওতাধীন জেলাসমূহের লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সংবাদ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৭.০২.২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৭৫ নং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিজ্ঞাপিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের "সহকারী শিক্ষক" পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা আগামী ০৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত আবেদনকারীদের নিজ নিজ জেলায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের অবশ্যই সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে কেন্দ্রে প্রবেশ করতে হবে।

২। প্রার্থীদের আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে যথাসময়ে ০১৫৫২-১৪৬০৫৬ নম্বর হতে প্রবেশপত্র ডাউনলোডের এসএমএস প্রেরণ করা হবে। আগামী ০৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ১ম গ্রুপের পরীক্ষার জন্য প্রার্থীগণ ০২.১২.২০২৩ তারিখ থেকে admit.dpe.gov.bd-ওয়েবসাইটে Username এবং Password দিয়ে অথবা এসএসসি-এর রোল, বোর্ড ও পাশের সন দিয়ে লগইন করে প্রবেশপত্র ডাউনলোড করে রঙিন প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবেন। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে অবশ্যই ডাউনলোডকৃত প্রবেশপত্রের রঙিন প্রিন্ট এবং নিজের জাতীয় পরিচয়পত্র (মূল এনআইডি/স্মার্টকার্ড) সঙ্গে আনতে হবে। ওএমআর শীট পূরণের নির্দেশাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য প্রবেশপত্রে পাওয়া যাবে।

৩। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকোটিভ ডিভাইস বা এজাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শাহ রেজওয়ান হায়াত)  
মহাপরিচালক (গ্রেড-১)